গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার D/appointment details/G.O-17
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ৬৮৯৮ তারিখ- ২৮/০৩/২২
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১
www.mohpw.gov.bd

নম্বর : ২৫.০০.০০০০.০১৩.১২.০০২.১৭- ৯৬

তারিখ : ১৩ চৈত্র ১৪২৯ / ২৭ মার্চ ২০২২

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৮-০২-২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৪৮২.২০২১-৩৭ নম্বর পত্রে সুপারিশকৃত নিম্নবর্ণিত ২০ (বিশ) জন প্রার্থীকে (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে প্রাক-নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই প্রতিবেদনে প্রদত্ত অনাপত্তি এবং শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান হতে স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে যোগ্য হিসেবে প্রত্যয়নকৃত) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গণপূর্ত অধিদপ্তরের "উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)" পদে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

উপ-সহকারী প্রকৌশলী (সিভিল): ২০ (বিশ) জন

| ক্রমিক নং | মেধাক্রম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম | নিজ জেলা |
|---|---|---|---|---|
| ১. | ১০ | ০০০১৬৯ | মোঃ গিয়াস উদ্দিন | কুমিল্লা |
| ২. | ১৩ | ৭০০০৩৩ | মোঃ রায়হান উদ্দিন | নোয়াখালী |
| ৩. | ১৬ | ৪০০৩৩৫ | শাকিল আহমেদ | ঝিনাইদহ |
| ৪. | ২২ | ০০০৩০২ | মোঃ আব্দুল্লাহ | যশোর |
| ৫. | ৩৩ | ০১১২৮৮ | মোঃ মনিরুজ্জামান | বগুড়া |
| ৬. | ৩৪ | ০১১১১০ | মোঃ মোস্তাক আহমেদ | যশোর |
| ৭. | ৪২ | ৫০০২১৩ | মোঃ মেহেদী হাসান | বরিশাল |
| ৮. | ৫২ | ০০৩১১৭ | মোহাম্মদ ইসমাইল হোসেন | ফেনী |
| ৯. | ৫৬ | ০০১৮২২ | মোঃ আরিফুল ইসলাম | চাঁপাইনবাবগঞ্জ |
| ১০. | ৬৩ | ০০৭৭০৮ | মোঃ আবুল কালাম আজাদ | পঞ্চগড় |
| ১১. | ৭০ | ০১১৫৪০ | মোঃ সাইফুল ইসলাম | বগুড়া |
| ১২. | ৭৩ | ০০৮৬২০ | মোঃ জাকারিয়া আলম | বগুড়া |
| ১৩. | ৭৪ | ০০১৯২৬ | ইসতিয়াক জাহান | ঝিনাইদহ |
| ১৪. | ৮১ | ৫০০৩৪২ | মোঃ সাইফুল ইসলাম | পটুয়াখালী |
| ১৫. | ৯০ | ০০১৭০৮ | মোঃ মাহাবুবুর রহমান | বগুড়া |
| ১৬. | ৯৭ | ২০০১৮৭ | আব্দুল্লাহ | পিরোজপুর |
| ১৭. | ১০৪ | ২০০০০২ | হামিদ মিয়া | কুমিল্লা |
| ১৮. | ১৩৬ | ০১১০৩৬ | মোঃ আবু বক্কর সিদ্দিক | নওগাঁ |
| ১৯. | ১৪৩ | ০০৭২৯৯ | মোঃ শাহাদাত হোসেন | ফেনী |
| ২০. | ১৫৫ | ০০৩২৭২ | মোঃ ইব্রাহিম | লক্ষ্মীপুর |

D/appointment details/G.O-18

**শর্তসমূহ:**

(ক) তাঁকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক হলে তাঁকে চাকুরিতে স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সাথে পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অব্যাহতি দেয়া যাবে।

(খ) চাকুরিতে যোগদান করার পর তাঁকে কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি কেহ শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন তবে তিনি উক্ত সময়ের মধ্যে গৃহীত বেতন ও প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।

(গ) যদি কেহ তাঁর ইস্তফাপত্র নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (খ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (খ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।

(ঙ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন; তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(চ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি,এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরি নিয়ন্ত্রিত হবে।

(ছ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

২। যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয়, তাহলে ০৬ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে তাঁকে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট যোগদান পত্র পেশ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কেহ যোগদান পত্র পেশ না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর ক্ষেত্রে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৭/০৩/২০২৩

(শেখ নূর মোহাম্মদ)
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১)
ফোন: ০২-৫৫১০০৭৩৩

নম্বর : ২৫.০০.০০০০.০১৩.১২.০০২.১৭- ৯৬

তারিখ : ১৩ চৈত্র ১৪২৯ / ২৭ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (তাঁকে যোগদানকৃত কর্মকর্তাদের শূন্য পদে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৮। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১০। জনাব. . . ...............................................................................।

২৭/০৩/২০২৩

(শেখ নূর মোহাম্মদ)
যুগ্মসচিব